নিষেধাজ্ঞা অমান্য করে বিভিন্ন ক্লিনিকে করছে অপারেশন

নিষেধাজ্ঞা অমান্য করে অপারেশন অব্যাহত রেখেছেন ঝিনাইদহের কোটচাঁদপুরের সেই আলোচিত ডাঃ ফাহিম উদ্দীন। যা, দেখার কেউ নাই। বিষয়টি তদন্তপূর্বক ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট কর্তাব্যক্তিদের হস্তক্ষেপ কামনা করেছেন সচেতন মহল।

সম্প্রতি কোটচাঁদপুরে ডাক্তার ফাহিমের হাতে সিজারিয়ান অপারেশনে দুই প্রসূতির মৃত্যু হয়। এ ছাড়া আরো দুইটি ক্লিনিকে ওই ডাক্তারের দ্বারা একই অপারেশন করে রোগীরা আর্থিক ভাবে ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়। বিষয়টি নিয়ে বেশ কয়েকটি পত্রিকায় ধারাবাহিক ভাবে সংবাদ প্রকাশিত হয়।

এ ঘটনাটি ঝিনাইদহের সিভিল সার্জন গুরুত্বের সঙ্গে নিয়ে একটি তদন্ত কমিটি গঠন করেন। এর প্রেক্ষিতে গেল ০২-০২-২১ তারিখে ওই ডাক্তারের অপারেশনে নিষেধাজ্ঞা দেন সংশ্লিষ্ট দপ্তর। বিষয়টি নিশ্চিত করেছেন কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ।

এরপরও সংশ্লিষ্টি কর্তাব্যক্তিদের অমান্য করে কোটচাঁদপুরের বিভিন্ন ক্লিনিকে অপারেশন অব্যাহত রেখেছেন।

এব্যাপারে ডাঃ ফাহিমের সঙ্গে ফোনে যোগাযোগের চেষ্টা করে তাকে পাওয়া যায়নি। কথা হয় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদের সাথে, তিনি জানান, প্রতিবেদনের প্রেক্ষিতে গত ০২-০২-২১ তারিখে জেলা সিভিল সার্জন অফিসের নির্দেশনা অনুযায়ী কোটচাঁদপুর নার্সিং হোম ক্লিনিকের অব্যবস্থাপনায় বন্ধের নির্দেশ দেওয়া হয়েছে। সেই সাথে ডাক্তার ফাহিমের অপারেশনের ত্রুটি থাকায় সকল প্রকার অপারেশনে নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে।

এছাড়া ওই ডাক্তার ট্রেনিং না করা পর্যন্ত অপারেশন করতে পারবেন না বলে জানিয়েছেন তিনি। অপারেশন করছেন এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, বিষয়টি সিভিল সার্জনকে অবহিত করা হবে।

আলমডাঙ্গায় করোনা ভাইরাসের টিকা প্রদান কার্যক্রম শুরু

আলমডাঙ্গায় করোনা ভাইরাসের টিকা প্রদান কর্যক্রম শুরু করা হয়েছে। গতকাল রোববার সকাল ১১টার দিকে আনুষ্ঠানিক ভাবে হারদী স্বাস্থ্য কমপ্লেক্সে উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আইয়ুব হোসেন প্রথম টিকা গ্রহণ করেন।

পরে উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা ডা: হাদী জিয়াউদ্দিন আহম্মেদ, সাংবাদিক এমদাদ হোসেন, ফাহিম ফয়সালসহ মোট ২১ জন প্রথম দিন করোনার টিকা গ্রহণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী, ডা: লিয়াকত আলী, ডা: সিরাজ উদ্দিন আহম্মেদ, ডা: রাকিব শাহরিয়ার, শেখ ওবাইদুল্লাহ, এসএইএমও মহাসিন আরা মায়া এসএসএন ফাতেমা খাতুন, এসএসএন আনোয়ার খাতুন, সুমিতা পারভীন, ডা: সেলিম রেজা, ডা: সাইফুল ইসলাম, ডা: আবুল কালাম আজাদ, ডা: রাসেদুজাজামান পলাশ, ডা: শারমিন আক্তার, এসএসএন আশমত আরা, আমাতূল বারী ও আলেয়া পারভীন।

টিকা প্রদান কার্যক্রমকালে বক্তাগণ বলেন, কোন গুজবে কান না দিয়ে টিকা গ্রহণ করুন। টিকা সম্পূর্ণ নিরাপদ। এর কোন পার্শ্বপ্রতিক্রিয়া নেই। সবাইকে টিকা নেওয়ার ব্যাপারে আগ্রহী করে তুলুন।

দামুড়হুদায় করোনার টিকা

প্রদান কর্মসূচির উদ্বোধন

গতকাল সকাল ১০টায় ঢাকা মহাখালী স্বাস্থ্য ভবনে ভার্চুয়ালী টিকা কার্যক্রমের উদ্বোধন করেন স্বাস্থ্য মন্ত্রী জাহেদ মালেক। এর মাধ্যমে সারাদেশে একযোগে টিকা কার্যক্রম শুরু হয়েছে।

এ ধারাবাহিকতায় গতকাল সকালে দামুড়হুদা উপজেলা সাস্থ্য কমপ্লেক্সে কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এ সময় তিনি বলেন টিকা প্রয়োগে দেশের পরিস্থিতি আবারও স্বাভাবিক হবে, আবারো মানুষের কাজের গতি ফিরে আসবে। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান মাহাফুজুর রহমান মন্জু। এছাড়া উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা আওয়ামী যুবলীগের সাধারণ সম্পাদক হযরত আলীসহ দামুড়হুদা উপজেলা স¦◌াস্থ্য কমপ্লেক্সের কর্মচারী ও কর্মকর্তা বৃন্দ।

উক্ত অনুষ্ঠানে সঞ্চালনায় ছিলেন দামুড়হুদা উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আবু হেনা মোহাম্মদ জামাল শুভ। এ সময় কোভিড-১৯ ভ্যাকসিনেশন প্রোগ্রামের উদ্বোধনকালে দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফসহ বেশ কয়েক জন ভ্যাকসিন গ্রহণ করছেন।

কালীগঞ্জে করোনার প্রথম ভ্যাকসিন নিলেন এমপি আনার

ঝিনাইদহের কালীগঞ্জে করোনার প্রথম ভ্যাকসিন নিলেন স্থানীয় সাংসদ আনোয়ারুল আজিম আনার। গতকাল রোববার বেলা ১১ টায় উপজেলা

স্বাস্থ্য কমপ্লেক্সে তিনি ভ্যাকসিন গ্রহণ করে করোনা ভ্যাকসিন প্রদান কার্যক্রমের উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন, কালীগঞ্জ উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর সিদ্দিকী ঠান্ডু, উপজেলা নির্বাহী কর্মকর্তা সূবর্ণা রানী সাহা, মহিলা ভাইস চেয়ারম্যান শাহানাজ পারভীন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা শামিমা শিরিন লুবনা, হাসপাতাল স্বাস্থ্য কমিটির সদস্য মোচিক, শ্রমিক ইউনিয়নের সভাপতি গোলাম রসুল ।

উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা শামিমা শিরিন লুবনা জানান, গতকাল রোববার স্থানীয় সাংসদের শরীরে প্রথম করোনা ভ্যাকসিন প্রদানের মাধ্যমে এ কার্যক্রমের উদ্বোধন করা হয়। এ দিনে কালীগঞ্জের ১৫১ জনকে ভ্যাকসিন পুশ করা হবে। ইতোমধ্যে তাদের হাতে ৯শ ৫৬ ভায়াল করোনা ভ্যাকসিন এসে পৌঁছিয়েছে। প্রতি ভায়াল ভ্যাকসিন থেকে মোট ১০ জনকে দেয়া যাবে।

তিনি আরো জানান, হাসপাতালের অভিজ্ঞ সিনিয়র নার্স ডাক্তারদের মাধ্যমে করোনা ভ্যাকসিন পুশ করা হচ্ছে। টিকা গ্রহণকারীরা আধা ঘন্টা হাসপাতালেই অবস্থান করবেন।

এছাড়াও টিকা গ্রহণকারীদের নিবিড়ভাবে সেবা ও পরিচর্যা করার জন্য হাসপাতালের অভিজ্ঞ ডাক্তারদের নিয়ে একটি টিম গঠন করা হয়েছে। তারা সার্বক্ষণিক সেবা দিতে প্রস্তুত আছেন।

করোনা ভ্যাকসিন প্রদান উদ্বোধন অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ তরুন কুমার দাস, ডাঃ অরুন কুমার দাস, ডাঃ সুলতান আহম্মেদ, ডাঃ খুরশিদ নাজনিন, ডাঃ সম্পা মোদক ও গণমাধ্যমের কর্মীসহ স্বাস্থ্য কমপ্লেক্সের সকল চিকিৎসক, কর্মকর্তা ও কর্মচারী।

[redacted] [redacted] -[redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted]

গাংনীতে করনো টিকা দান কার্যক্রমের উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে করোনা ভাইরাস টিকার উদ্বোধন করা হয়েছে। আজ সকাল সাড়ে ১২ টার সময় গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে টিকা কার্যক্রমের উদ্বোধন করেন সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

এ সময় গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ইউএইচ এফপিও রিয়াজুল আলম বলেন, এ টিকার কোন প্বার্শপ্রতিক্রিয়া নেই। সকলকে টিকা নেওয়ার আহ্বান জানান।

এমটিইপিআই আব্দুর রশিদ জানান, উদ্বোধনের দিন ২০ জনকে টিকা দেয় হয় এবং টিকা নেবার জন্য রেজিষ্ট্রেশন করেছেন ৩৪৫ জন। টিকা প্রদানের ক্ষেত্রে মানুষকে সচেতন করতে বিভিন্ন পদক্ষেপ নিয়েছে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কর্তৃপক্ষ।

হাসপাতালের চিকিৎসক, নার্সসহ বিভিন্ন শ্রেণিপেশার মানুষ সানন্দে টিকাদান কার্যক্রমকে গ্রহন করেন।

উপজেলা নির্বাহী আরএম সেলিম শাহনেওয়াজ এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, গাংনী থানার ওসি বজলুর রহমান, আবাসিক মেডিকেল অফিসার সাদিয়া সুলতানাসহ স্বাস্থ্য কমপ্লেক্সের সকল নার্স ও স্টাফ বৃন্দ।

জেলার তিন উপজেলার ৯ টি বুথে চলছে টিকাদান কার্যক্রম।

বিএনপি টিকা নিয়ে মিথ্যাচারে লিপ্ত আছে- হানিফ

করোনা মহামারি থেকে দেশের মানুষকে রক্ষা করার জন্য দ্রুততম সময়ে করোনার টিকা সব জেলা পর্যায়ে পৌছে দেবার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ, কৃতজ্ঞতা প্রকাশ করে আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহাবুবউল আলম হানিফ।

তিনি বলেন, বিএনপি প্রথম থেকে করোনা নিয়ে নেতিবাচক কথা বলে আসছে। তারা বলেছিল করোনার টিকা বাংলাদেশে আসবে না, কিন্তু টিকা এসেছে। এরপরে তারা বললো ভ্যাকসিন আগে প্রধানমন্ত্রী নিক, তারপর অন্যরা নেবে।

এসব বলে তারা দেশের মানুষের ভিতর করোনা টিকা নিয়ে বিভ্রান্তি সৃষ্টি করেছিল। এটা নিলে মানুষ মারা যেতে পারে করোনা টিকা নিয়ে এমন ভয়ংকর প্রচারণা চালিয়েছিল। যাতে মানুষ করোনা টিকা না নেয় সেই জন্য তারা মানুষের মধ্যে আতংক সৃষ্টি করেছিল।

হানিফ বলেন, আমরা টিকা নিয়ে এটা প্রমান করেছি যে বিএনপি টিকা নিয়ে মিথ্যাচারে লিপ্ত আছে। তিনি বলেন, ভ্যাকসিন নেবার পরে আমার মধ্যে কনো ধরনের অসুস্থতা নেই। ২০ মিনিট পরেও আমি স্বাভাবিকভাবে কথা বলছি। এটা নিরাপদ।

এসময় তিনি জনগণকে রেজিষ্ট্রেশন করে নির্ভয়ে করোনা ভ্যাকসিন নেবার অনুরোধ করে বলেন, এর মাধ্যমে আমরা বাংলাদেশ থেকে করোনাকে চিরতরে নির্মুল করতে সক্ষম হবো।

নিজে টিকা নিয়ে রবিবার বেলা সাড়ে ১১টায় কুষ্টিয়া জেনারেল হাসপাতালে করোনা টিকাদান কার্যক্রমের উদ্বোধন করে হানিফ সাংবাদিকদের এসব কথা বলেন।

এসময় কুষ্টিয়ার কুমারখালী খোকসা আসনের সংসদ সদস্য সেলিম আলতাফ জর্জ, জেলা প্রশাসক আসলাম হোসেন, পুলিশ সুপার এসএম তানভীর আরাফাত, কুষ্টিয়া আদালতের পাবলিক প্রসিকিউটর অ্যাডভোটেক অনুপ কুমার নন্দী করোনা টিকা নেন।

এসময় সিভিল সার্জন আনোয়ারুল ইসলাম, জেলা বিএমএমএর সভাপতি ডাঃ এস

এম মুসতানজিদ ও সিনিয়র মেডিসিন বিশেষজ্ঞ ডাঃ এসএম মুসা কবির উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, আজ কুষ্টিয়ায় নিবন্ধন করা প্রায় একশ’ জনের করোনা টিকা দেওয়া হয়। জেনারেল হাসপাতালের চারটি বুথে এই টিকা দেওয়া হয়। এ পর্যন্ত প্রায় আড়াই হাজার মানুষ টিকা নেবার জন্য নিবন্ধন করেছেন।

সকাল আটটা থেকে বেলা আড়াইটা পর্যন্ত জেলা উপজেলা হাসপাতাল, পুলিশ লাইনসহ কয়েকটি পয়েন্টে নিবন্ধিত মানুষের মধ্যে টিকা দেওয়া হবে বলে জানিয়েছে কুষ্টিয়ার সিভিল সার্জন।।

শৈলকুপায় কোভিট-১৯ ভ্যাকসিন প্রদানের উদ্বোধন

ঝিনাইদহের শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কোভিট-১৯ ভ্যাকসিন প্রদানের এর শুভ উদ্বোধন ঘোষনা করা হয়েছে।

এ উপলক্ষে রবিবার সকার ১০টায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজার সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই।

বিশেষ অতিথি ছিলেন পৌর মেয়র কাজী আশরাফুল আজম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবি কালু, বক্তব্য প্রদান করেন উপজেলা স্বাস্থ ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: রাশেদ আল মামুন, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক আসাদুজ্জামান, শৈলকুপা উপজেলা আওয়ামী লীগের আহ্বায়ক মতিয়ার রহমান, এমপি পুত্র তানভির হাসান হাই, প্রেসক্লাবের সভাপতি এম হাসান মুসা প্রমুখ।

অনুষ্ঠান শেষে ভ্যাকসিন গ্রহন করেন যথাক্রমে উপজেলা স্বাস্থ্য কম্পেক্সের ডা: শাহনেওয়াজ ইবনে কাশেম, জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক আসাদুজ্জামান, এমপি পুত্র তানভির হাসান হাই,

প্রেসক্লাবের সভাপতি এম হাসান মুসা, প্রেসক্লাবের নির্বহী সদস্য ও সমকাল প্রতিনিধি তাজনুর রহমান ডাবলু, সাংগঠনিক সম্পাদক আব্দুল জাব্বার সহ মোট ৩০ জনকে প্রথম দিনে ভ্যাকসিন প্রদান করা হয়।

কাঁচা কলার স্বাস্থ্য উপকারিতা

কলা আমাদের কাছে খুবই পরিচিত এবং সেই সাথে সহজলোভ্য একটি ফল। কলা যেমন সুস্বাদু তেমনই এটি পুষ্টিগুণেও ভরপুর। তবে কলার একটি আলাদা বৈশিষ্ট্য আছে। আর তা হলো ফল হিসেবে যেমন এর কদর আছে, তেমনি সবজি হিসেবেও এর কদর কিন্তু কম নয়।

মূলত পাকা কলা খাওয়া হয় ফল হিসেবে। কাঁচা কলা সবজি হিসেবেই পরিচিত। যদি আপনি আপনার বাড়তি ওজন কমাতে চান তবে রোগীর পথ্য হিসেবে পরিচিত স্বাস্থ্যকর এই সবজিটি প্রতিদিনের খাদ্য তালিকায় রাখতে পারেন। আসুন জেনে নেই কাঁচা কলার আরও কিছু স্বাস্থ্য উপকারিতা-

ওজন কমায়
ওজন কমাতে চাইলে খাদ্য তালিকায় রাখুন কাঁচা কলা। কাঁচা কলার ফাইবার অনেকটা সময় পেট ভরিয়ে রাখে। এটি আঁশযুক্ত হওয়ায় তা মেদ কমাতেও সাহায্য করে।

রক্তে শর্করা নিয়ন্ত্রণ করে

রক্তে শর্করা নিয়ন্ত্রণের জন্যেও কাঁচা কলা উপকারী। এটি আঁশযুক্ত হওয়ায় রক্তে শর্করার পরিমাণ নিয়ন্ত্রণ করে। ভিটামিন বি৬ গ্লুকোজ নিয়ন্ত্রণ করে টাইপ-টু ডায়াবেটিস প্রতিরোধ করতে সাহায্য করে।

হৃদরোগের ঝুঁকি হ্রাস করে

পাকা কলার মতো কাঁচা কলাতেও প্রচুর পরিমাণে পটাশিয়াম রয়েছে। বিভিন্ন গবেষণায় দাবি করা হয়েছে, প্রতিদিন ৪,৭০০ মিলিগ্রাম পটাসিয়াম গ্রহণে হৃদরোগের ঝুঁকি হ্রাস হয়। তবে পটাসিয়াম সবার জন্য নিরাপদ নয়। উচ্চ রক্তচাপ অথবা কিডনির রোগে আক্রান্ত রোগীদের পক্ষে তাই কাঁচা কলা খাওয়ায় নিয়ন্ত্রণ থাকা উচিত।

পেটের খারাপ ব্যাকটেরিয়া দূর করে

কাঁচা কলা আঁশযুক্ত সবজি হওয়ায় এটি খুব সহজে হজম হয়। কাঁচা কলা পেটের ভেতরের খারাপ ব্যাকটেরিয়া দূর করে দেয়। তবে অতিরিক্ত পেট ফোলার সমস্যা থাকলে কাঁচা কলা না খাওয়াই ভালো। কোষ্ঠ্যকাঠিন্যের সমস্যাও অনেক সময়ে বাড়িয়ে দেয়।

ডায়রিয়ায় কাঁচা কলা

কাঁচা কলায় থাকে এনজাইম, যা ডায়রিয়া এবং পেটের নানা ইনফেকশন দূর করে। তাই ডায়রিয়া হলে চিকিৎসকেরা কাঁচা কলা খাওয়ার পরামর্শ দেন।

চোখের যেসব লক্ষণে সাবধান হতে হবে

চোখের সমস্যা কম-বেশি সবারই হতে পারে। কিন্তু অনেকে বুঝতে পারেন না যে, তার চোখে সমস্যা হয়েছে। তিনি জানেন না, কখন চোখের ডাক্তার দেখাবেন। এ ক্ষেত্রে নিজের চোখের অবস্থা ও লক্ষণ দেখে বুঝে নিতে হবে। চোখের কিছু লক্ষণে আপনাকে সাবধান হতে হবে। যেতে হবে চিকিৎসকের কাছে।

লক্ষণগুলো কী?

১. ঝাপসা দেখা: চোখে ঝাপসা দেখা বা চোখের সামনে অন্ধকার দেখা ক্যানসার, টিউমার বা স্ট্রোকেরও ইঙ্গিত দেয়। এ সমস্যা দেখা দিলে চিকিৎসকের পরামর্শ নিন।

২. ডাবল ভিশন: ডাবল ভিশন বা দুটো করে সবকিছু দেখার সমস্যা থাকলেও চিকিৎসকের পরামর্শ নিন। মূলত চোখের ভেতরে পেশির সমস্যা হলে ডাবল ভিশন হয়। এ ছাড়া স্নায়ু রোগেও এই সমস্যা দেখা যায়। এ ছাড়া স্ট্রোক বা ব্রেন টিউমার হলেও এই সমস্যা হয়।

৩. হঠাৎ চোখ ধাঁধিয়ে যাওয়া: অনেক সময়ে চোখ ধাঁধিয়ে যায়। চোখের সামনে আলো ফেললে কিছু দেখা যায় না, তেমন অনেকেরই সাধারণ আলোতেই

হঠাৎ চোখ ধাঁধিয়ে যায়। ক্ষণিকের অস্বস্তি হলেও এই সমস্যাকে কেউ খুব একটা গুরুত্ব দেয় না। কিন্তু বয়স বাড়ার সঙ্গে সঙ্গে যদি এই সমস্যা দেখা যায়, তাহলে চিকিৎসকের কাছে পরামর্শ নিন।

৪. চোখ জ্বালা করা বা চোখ চুলকানো: হঠাৎ চোখ জ্বালা করা বা চোখ চুলকানোর সমস্যায় ভুগলেও এড়িয়ে যাবেন না। ব্যাকটেরিয়ার সংক্রমণ থেকে এই সমস্যা হয়ে থাকে। প্রায়ই এই সমস্যা হতে থাকলে চিকিৎসকের কাছে যান।

৫. চোখ যদি লাল হয়ে যায়: হঠাৎ চোখ যদি লাল হয়ে যায়, তা যথেষ্ট চিন্তার কারণ। কোনও ইনফেকশন হলেও চোখ লাল হয়ে যায়। এ ছাড়া শরীরে অন্যান্য কয়েকটি রোগের উপসর্গ চোখ লাল হয়ে যাওয়া।